

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/9/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

**গভর্নর কুওমো আসন্ন ক্যাপিটাল প্ল্যানের জন্য অগ্রাধিকারগুলি বিবৃত করে মেট্রোপলিটান
ট্রান্সপোর্টেশন অথরিটিকে (METROPOLITAN TRANSPORTATION AUTHORITY, MTA)
বোর্ডকে চিঠি দিয়েছেন**

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ আসন্ন ক্যাপিটাল প্ল্যানের জন্য অগ্রাধিকারগুলি বিবৃত করে MTA বোর্ডকে চিঠি দিয়েছেন।

চিঠিটির সম্পূর্ণ বার্তা নিচে দেওয়া হল:

প্রাপকঃ MTA পরিচালনা বোর্ড,

গত তিন বছর ধরে MTA পরিমাপযোগ্য ও অনস্বীকার্য অগ্রগতি করেছে।

MTA-র জন্য এগিয়ে চলার পথের দুটি ট্র্যাক আছে। স্বল্প মেয়াদী অগ্রগতির অর্জন করা যাবে সাবওয়ে অ্যাকশন প্ল্যানের পদ্ধতি ও পন্থাগুলির প্রাতিষ্ঠানিককরণের মাধ্যমে, MTA-র পুনর্গঠন পরিকল্পনা বাস্তবায়ন করে এবং ইতিমধ্যেই শুরু হওয়া বিশেষ উদ্যোগগুলি সম্পন্ন করে। মূলধনী পরিকল্পনা অনুমোদন পেলে দীর্ঘমেয়াদী উন্নতিগুলি অর্জন করা যাবে। ক্যাপিটাল প্ল্যান অভূতপূর্ব সুযোগ প্রদান করে, যেমন আমাদের নতুন নিবেদিত রাজস্ব আছে যার মধ্যে রয়েছে কন্জেশন প্রাইসিং প্ল্যান (Congestion Pricing Plan) থেকে সংগৃহীত রাজস্ব।

স্বল্প মেয়াদী কর্মসূচিতে MTA পুনর্গঠন পরিকল্পনার নতুন নিয়োগ, পুনর্বিন্যাস, একত্রীকরণের এবং বিশেষ উদ্যোগ সম্পন্ন করার জন্য এক উদ্দীপিত ব্যবস্থাপনার ক্ষমতা প্রয়োজন। ট্রেন স্পিড এবং স্ফটি টাস্ক ফোর্স (Train Speed and Safety Task Force), গৃহহীনদের জন্য সাহায্যের উদ্যোগ (Help for the Homeless Initiative), ভাড়া ফাঁকি এবং শ্রমিক নিরাপত্তা টাস্ক ফোর্স (Fare Evasion and Worker Safety Task Force) এবং স্টেশন এবং ট্রেন নিবিড় পরিষ্কৃততার উদ্যোগ, শীর্ষ স্বল্পমেয়াদী ব্যবস্থাপনার অগ্রাধিকার নিউ ইয়র্ক সিটি ট্রানজিট অথরিটি (New York City Transit Authority) আর অ্যান্ডি বাইফোর্ডের (Andy Byford) উন্নতির জন্য। সেগুলি অবশ্যই সময়মতো পুরোপুরি সম্পন্ন করতে হবে।

MTA ক্যাপিটাল কনস্ট্রাকশন (MTA Capital Construction) এবং জ্যান্নো লিয়েবারের অধীনে প্রধান মূলধন নির্মাণ প্রকল্পগুলি অবশ্যই সমর্থন করা উচিত এবং নির্ঠাভরে কার্যকর করা আবশ্যিক। এল ট্রেন টানেল রিডিজাইন নতুনভাবে অগ্রসর হবার সম্ভাবনা দেখিয়েছে।

"খারাপ ঠিকাদার" নিষিদ্ধ করা, সময় ও হাজিরা ব্যবস্থা এবং ফরেনসিক অডিট - সহ নতুন ব্যবসায়িক অখণ্ডতার আইন অবশ্যই স্থাপন করতে হবে।

যেহেতু ক্যাপিটাল প্ল্যান বিধানসভার নেতৃত্বদ এবং নিউ ইয়র্কের মেয়র কর্তৃক অনুমোদনের প্রয়োজন আছে, তাই করদাতা ও আরোহীদের সুবিধার জন্য এসব আইনি বাধ্যবাধকতাগুলি সম্পন্ন করতে হবে এবং তাই MTA-র লক্ষ্যন যেন ক্যাপিটাল প্ল্যানের অনুমোদনের ক্ষেত্রে একটি বিষয় হয়ে না ওঠে।

ক্যাপিটাল প্ল্যান সেই নতুন তহবিলের একটি ঐতিহাসিক সুযোগ প্রদান করে এই হিসেবে জে নতুন অর্থায়ন প্রাপ্ত করা গেছে 25 বিলিয়ন ক্যাপিটাল প্ল্যানের প্রকল্পে, যার মধ্যে রয়েছে রাজ্যের কনজেশন প্রাইসিং পাশ করা কেন্দ্রীয় ব্যবসায়িক জেলায়। রাজ্য বিধানসভা এবং নিউ ইয়র্ক শহরের মেয়র যে বিলগুলি পাশ করেছেন এবং প্রকাশ্যে বিবৃতি দিয়েছেন, তাতে তাঁদের অগ্রাধিকার স্পষ্ট বুমিয়ে দিয়েছেন।

প্রস্তুতি ও উপস্থাপন করার আগে আমি ক্যাপিটাল প্ল্যানের জন্য আমার অগ্রাধিকারের পরামর্শ আপনাদের দিতে চাই।

আমি বিশ্বাস করি এটা অপরিহার্য যে এই ক্যাপিটাল প্ল্যান নিম্নলিখিত লক্ষ্যগুলি অর্জন করে:

1. প্রতিবন্ধীদের জন্য স্টেশন সুলভ করার কাজের অগ্রগতি গ্রহণযোগ্য হয়নি। এটা একটি আইনগত এবং নৈতিক বাধ্যবাধকতা যে MTA যেন প্রবেশযোগ্য স্টেশনের সংখ্যা বাড়িয়ে তোলে এবং যে সময়সীমার মধ্যে প্রবেশযোগ্যতা অর্জিত হয় তাও দ্রুততর হয়।
2. সাবওয়েতে "জীবন ধারার মান" বিষয়গুলির অবনতি হয়েছে। গৃহহীন, বিপজ্জনকভাবে মানসিকভাবে অসুস্থ, ভাড়া ফাঁকি দেওয়া মানুষ, আক্রমনাত্মক "ভিখারি" ও কর্মীদের হামলার সংখ্যা আকাশ ছুঁয়েছে। ট্র্যাকে প্রবেশাধিকার সুরক্ষিত করতে এবং কর্মী নিরাপত্তা নিশ্চিত করতে স্টেশনের রিডিজাইন অপরিহার্য। আরোহীদের নিরাপদ পরিবেশ ও যথাযথ যন্ত্র, প্রশিক্ষণ ও সুযোগসুবিধা সহ অতিরিক্ত MTA পুলিশ প্রদান করতে হবে।
3. ইস্ট সাইড অ্যাক্সেস, গ্র্যান্ড সেন্ট্রাল উল্লতি, মোইনিহান ফারলি স্টেশন, লং আইল্যান্ড রেল রোড উল্লতি এবং সেকন্ড অ্যাভিনিউ সাবওয়ের মতো দীর্ঘ বিলম্বিত নির্মাণ প্রকল্পের গতি বাড়াতে আধুনিকতম সিগনাল সিস্টেম ব্যবস্থা অবশ্যই স্থাপন করতে হবে অগ্রাধিকারের ভিত্তিতে।

4. নিউইয়র্ক সিটির বাইরের বোরোগুলি ও লং আইল্যান্ড রেল রোড ও মেট্রো-নর্থ রেলপথ (Long Island Rail Road, LIRR) এবং মেট্রো-উত্তর (Metro-North) রেলরোডের মধ্যে সম্পদের সুমম বিতরণ অবশ্যই করতে হবে।
5. নতুন বাস হাইব্রিড বা বৈদ্যুতিক হতে হবে এবং শহর জুড়ে তার বিতরণ করা উচিত, এবং গতি ও পরিষেবার উন্নতির উপায় খুঁজতে আপনাকে অবশ্যই নিউ ইয়র্ক শহরের সাথে কাজ করতে হবে। বিগত চুক্তিগুলির মত বহু বছর বিলম্ব না করে নতুন ট্রেন গাড়ি ক্রয় করতে হবে।

এই বিষয়ে কোন সন্দেহ নেই যে, সাবওয়ে অ্যাকশন প্ল্যানের কার্যিতা এবং সক্রিয়তা গণনীয় অগ্রগতি অর্জন করেছে। কর্মক্ষমতা স্পস্টতই উন্নত হয়েছে। ব্যবস্থাপনা শৃঙ্খলা ও সক্ষমতা এখন পুনর্গঠন পরিকল্পনা ও সহগামী টাস্ক ফোর্সেস এবং বিশেষ উদ্যোগের মাধ্যমে প্রাতিষ্ঠানিকিকরণ করতে হবে।

একটি বুদ্ধিদীপ্ত ক্যাপিটেল প্ল্যান যা বিধানসভা এবং নিউ ইয়র্ক শহরের মেয়র দ্বারা স্বরাশ্রিতভাবে অনুমোদিত হতে পারে তা অগ্রগতিকে সুরক্ষিত এবং উন্নত করবে।

বিনীত,

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)